নম্বর 202.93

নির্বাহী আদেশ

আইনের সাময়িক স্থগিতাদেশ এবং সংশোধন অব্যাহত রাখা
সাময়িক স্থগিতাদেশ ও পরিবর্তন অব্যাহত রাখা

যেখানে, 7 মার্চ 2020 তারিখে আমি সম্পূর্ণ নিউ ইয়র্ক স্টেট জুড়ে স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি; এবং

যেখানে, COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ, উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিবদ্ধ করা হয়েছে এবং তা আরো চলতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে;

এখন অতএব, আমি অ্যান্ড্রু এম. কুওমো, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, নির্বাহী আইনের আর্টিকেল 2-B এর 29-a ধারার অধীনে আমার উপর ন্যস্ত কর্তব্য পালনের কর্তৃত্বের দ্বারা স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার সময় যে কোনো সংস্থার কোনো আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান বা এর অংশগুলো সাময়িকভাবে স্থগিত বা সংশোধন করতে পারি, যদি এই জাতীয় আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান মেনে চললে তা দুর্যোগকালীন জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপ নিতে বাধা দেয় বা এই ধরনের দুর্যোগ মোকাবেলায় সহায়তা বা সাহায্য করার জন্য যদি প্রয়োজন হয় তবে নির্বাহী আদেশ 202 এবং এর প্রতিটি উত্তরসূরি নির্বাহী আদেশ, অতিক্রান্ত,, সংশোধিত বা অন্যথায় মেয়াদ উত্তীর্ণ না হলে আইনের স্থগিতাদেশ ও সংশোধন অব্যাহত রাখছি আরও ত্রিশ দিন 13 মার্চ 2021 পর্যন্ত এবং এতদ্বারা নিম্নলিখিতগুলি অস্থায়ীভাবে স্থগিত বা সংশোধন করছি এই নির্বাহী আদেশের তারিখ থেকে 13 মার্চ 2021 পর্যন্ত:

উপরন্তু, দুর্যোগ মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় দুর্যোগকালীন জরুরি সময়ে কোনো নির্দেশ জারি করার জন্য নির্বাহী আইনের আর্টিকেল 2-B এর সেকশন 29-a অনুযায়ী আমার উপর ন্যস্ত কর্তৃত্বের ক্ষমতা দ্বারা, আমি এই নির্বাহী আদেশের তারিখ থেকে 13 মার্চ 2021 সময়কালের জন্য নিম্নলিখিত নির্দেশগুলি জারি করছি:

- নির্বাহী আদেশ 202.81-এ থাকা নির্দেশিকা, যেমন অব্যাহত রাখা হয়েছে, যা নিউ ইয়র্ক শহরের ভিতরে আভ্যন্তরীণ ডাইনিং এর অনুমোদন স্থগিত করেছে, তা এতদ্বারা সংশোধন করা হল আভ্যন্তরীণ খাদ্য পরিষেবা এবং আহারাদির ব্যবস্থা অনুমোদন করার জন্য 12 ফেব্রুয়ারি, 2021 থেকে নিউ ইয়র্ক সিটিতে 25% ধারণ ক্ষমতায় এই শর্তে যে স্বাস্থ্য বিভাগের (Department of Health) নির্দেশিকা এবং অন্য যে কোন রাজ্যের জারি করা নির্দেশিকা কঠোরভাবে মেনে চলা হয়।

- সংশোধিত 202.68 এ যে নির্দেশের উল্লেখ আছে, যা COVID-19 এর ক্লাস্টার ভিত্তিক কেসের উপর নির্ভর করে স্বাস্থ্য দপ্তরকে নির্ধারন করতে দেয় রাজ্যের কোন এলাকাগুলির বর্ধিত জন স্বাস্থ্য সংক্রান্ত সীমাবদ্ধতা প্রয়োজন, তা এতদ্বারা সংশোধন করা হচ্ছে এই মর্মে যে স্বাস্থ্য দপ্তর দ্বারা নির্ধারিত "লাল", "কমলা" বা "হলুদ" অঞ্চলগুলির ভৌগলিক এলাকার মধ্যে অবস্থিত উপাসনা

গৃহগুলিতে এই সকল স্থানের জন্য স্বাস্থ্য দপ্তরের নির্দেশিকাতে যে সীমাবদ্ধতা উল্লিখিত আছে তার বেশি কোন ধারণ ক্ষমতার সীমাবদ্ধতা কার্যকর থাকবে না।

- এর বিপরীতে কোনো আইন বা দলের নিয়ম সত্ত্বেও, নির্বাচনী আইন (Election Law) অনুযায়ী অনুষ্ঠিত যে কোনো দলীয় সমাবেশ, দলীয় সভা বা দলীয় সম্মেলন, দুই হাজার একুশ সালে এই স্থগিতাদেশ কার্যকর থাকার সময়, চেয়ারপারসনের সিদ্ধান্ত অনুযায়ী, যিনি এই মিটিং ডাকছেন, সম্পূর্ণ বা আংশিকভাবে টেলিফোন বা ভিডিও কনফারেন্সের মাধ্যমে পরিচালনা করা যেতে পারে,তবে এই শর্তে যেকোন আবশ্যক বিজ্ঞপ্তিতে সেই সকল নির্দেশ থাকতে হবে যা অংশগ্রহণকারীদের বলবে কিভাবে সেই ভিডিও কনফারেন্সের প্রবেশাধিকার পেতে হয়।

তাছাড়াও, রিয়েল প্রোপার্টি ট্যাক্স আইন (Real Property Tax Law)-এর সেকশন 925-a দ্বারা আমার উপর অর্পিত ক্ষমতা বলে, একটি প্রভাবিত কাউন্টি, শহর, টাউন, গ্রাম বা স্কুল জেলার প্রধান নির্বাহী আধিকারিকের অনুরোধে সুদ বা জরিমানা ছাড়া সম্পত্তি কর পরিশোধের জন্য রাজ্যের দুর্যোগকালীন পরিস্থিতির জরুরি অবস্থার কারণে সময় এতদ্বারা একুশ দিন বাড়িয়ে দিলাম, সেই সকল এলাকাগুলির জন্য যাদের ট্যাক্স পরিশোধ এখনো বাকি আছে এবং যাদের পক্ষ থেকে অনুরোধ করা হয়েছে, যেমন নিম্নে উল্লিখিত আছে: ভিলেজ অভ লিনব্রুক, নাসাউ কাউন্টি।

আমার স্বহস্তে এবং অ্যালবেনি শহরে স্টেটের প্রিভি সিল সহ
দুই হাজার একুশ সালের ফেব্রুয়ারি মাসের
একাদশতম দিনে এটি জারি করা হল।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব